



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৭.২০.৪৬৫

তারিখ: ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

বিষয়: সিলেট জেলার ব্লু বার্ড হাই স্কুল এন্ড কলেজ এর কলেজ শাখায় এম.পি.ও ভুক্তকরণ প্রসঙ্গে।
সূত্র: জনাব রোকসানা বেগম ও জনাব মো: আবু সাইদ এর অভিযোগ।

সিলেট জেলার ব্লু বার্ড হাইস্কুল এন্ড কলেজ এর কলেজ শাখার শিক্ষক (১) জনাব রোকসানা বেগম, প্রভাষক(বাংলা) ও (২) জনাব মো: আবু সাইদ, প্রভাষক(ইংরেজি) অভিযোগ দায়ের করেন যে, তারা ২০০৬ সাল থেকে কলেজ শাখা চালু করলে বিষয় ভিত্তিক শিক্ষক হিসেবে পাঠদানে নিয়োজিত এবং ০১/০৩/২০০৭ সালে যথাযথ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে প্রভাষক পদে যোগদান করেন। তারা পূর্ব থেকেই একই প্রতিষ্ঠানের মাধ্যমিক শাখার শিক্ষক, তাই তাদেরকে উক্ত প্রতিষ্ঠানের কলেজ শাখার শিক্ষক হিসেবে উন্নীত করা হয়েছে যা রেজুলেশনে উল্লেখ আছে। কিছু দিন পূর্বে প্রতিষ্ঠানটির কলেজ শাখা এম.পি.ও ভুক্ত হয়। কলেজ কর্তৃপক্ষ অন্যান্য প্রভাষকদের সাথে বাংলা ও ইংরেজি বিষয়ের জন্য তাদের নাম প্রেরণ করেন এবং সকল কার্যক্রম সম্পাদন করেন। কিন্তু অজ্ঞাত কারণে পরবর্তীতে তাদের ২ জনের নাম কর্তন করে অন্য ২ জনের নাম অর্ন্তভুক্ত করে এম.পি.ও ভুক্ত করার সুপারিশ করান। তারা অভিযোগকারী ২ জন শিক্ষক দীর্ঘ ১৩ বছর কলেজ শাখায় শিক্ষাদানে নিয়োজিত ছিলেন। যাবতীয় কাগজপত্র পর্যালোচনা ও তদন্ত করে কলেজ শাখায় এম.পি.ও ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

অভিযোগটি তদন্ত করার জন্য উপপরিচালক, কলেজ ও সহকারী পরিচালক, কলেজ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে অভিযোগটি তদন্ত করে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-১২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৭.২০.৪৬৫/১(২)

তারিখ: ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, ব্লু বার্ড হাইস্কুল এন্ড কলেজ, সিলেট
- ২) অধ্যক্ষ, ব্লু বার্ড হাইস্কুল এন্ড কলেজ, সিলেট

২৮-১২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক